



নাইজেরিয়ায় সামরিক বিমান বিধ্বস্তে নিহত ৩২



ছবি: সংগৃহীত

নাইজেরিয়ার দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় ওভো রাজ্যে সামরিক বাহিনীর একটি বিমান বিধ্বস্ত হয়ে ৩২ জন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে ২৫ যাত্রী ও সাতজন ক্রু ছিলেন। রয়টার্সের প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

সোমবার (৫ অক্টোবর) বেনিন সিটি থেকে লাগোস যাওয়ার পথে বিমানটি বিধ্বস্ত হয়। পরে উপকূলীয় শহর ইগবোকোডার কাছে উড়োজাহাজটির ধ্বংসাবশেষের সন্ধান পাওয়া যায়। দুর্ঘটনাস্থলে অনুসন্ধান ও উদ্ধারকারী দল পাঠানো হয়েছে।

নাইজেরিয়ার প্রেসিডেন্ট বোলা টিনুবু দুর্ঘটনায় নিহতদের পরিবারের প্রতি গভীর শোক ও সমবেদনা জানিয়েছেন। এক বিবৃতিতে তিনি বলেন, বিমানবাহিনীর প্রধান তাকে দুর্ঘটনার বিষয়টি জানিয়েছেন। দুর্ঘটনার কারণ খুঁজে বের করতে নাইজেরিয়ান এয়ার ফোর্সকে দ্রুত পূর্ণাঙ্গ তদন্তের নির্দেশ দিয়েছেন তিনি।

দেশটির বিমানমন্ত্রী জানান, বিমানবাহিনীর এটিআর-৪২ উড়োজাহাজটি বেনিন সিটি থেকে লাগোসের উদ্দেশে নিয়মিত মিশনে ছিল। স্থানীয় সময় সোমবার ০৮১৩ জিএমটিতে এয়ার ট্রাফিক কন্ট্রোলার সঙ্গে বিমানটির যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।

সাম্প্রতিক বছরগুলোতে নাইজেরিয়ায় ঘটে যাওয়া প্রাণঘাতী বিমান দুর্ঘটনাগুলোর মধ্যে এটিকে অন্যতম বলে উল্লেখ করা হয়েছে।